(১) গ্রহাংশ ন্যাস ঋষভা সম্পূর্ণা গুজ্জরী মতা। ইতি সঙ্গীত দর্পণেঽপি। রাগ সর্ব্বস্ব সার কর্ত্তা শিহ্লণ এবং প্রসিদ্ধ মৃজাখাঁর মতেও গুজ্জরী সম্পূর্ণ জাতি মধ্যে পরিগণিত। সুপ্রসিদ্ধ সোমেশ্বর বলেন গুজ্জরীতে পঞ্চম পরিত্যাগ করা বিধি। সঙ্গীত শাস্ত্রে এইরূপ কথিত আছে যথা লোভান্ মোহাচ্চ যে কেচিৎ গায়ন্তিচ বিরাগতঃ। সুরমা গুজ্জরী তস্য দোষং হন্তীতি কথ্যতে। অর্থাৎ লোভ বা মোহ বশতঃ যদি কেহ এক রাগ করিতে অন্য রাগ গান করেন অথবা রাগের কোনরূপ অঙ্গ হীন হয়; তবে প্রায়শ্চিত্ত স্বরূপ সুরমা গুজ্জরী সেই সময়ে গান করা কর্ত্তব্য। উপপত্তিক তৌর্য্যত্রিকে গোয়ালিয়ারঅধিপতি রাজা মান কৃত যে চারি প্রকার গুজ্জরীর কথা লেখা হইয়াছে তদ্ব্যতীত সংস্কৃত সঙ্গীত গ্রন্থ কর্ত্তারা দক্ষিণ গুজ্জরী, সৌরাষ্ট্রী গুজ্জরী, মহারাষ্ট্রী গুজ্জরী প্রভৃতি অনেক প্রকার গুজ্জরীর লক্ষণ লিখিয়াছেন যে সকল আমাদের দেশে বড় ব্যবহার নাই।



অন্তরা।






## আশাবরী (১)। সম্পূর্ণ।

( নি, ঋ, গ, ধ। )

আস্থায়ী।




(১) সোমেশ্বর, সঙ্গীত নারায়নকর্ত্তা এবং দর্পনকর্ত্তা এ তিনেরি মতে আশাবরী সম্পূর্ণ।



অন্তরা।





## মুলতানী (১)। সম্পূর্ণ।

(নি, ঋা, গ, ম, ধ।)

আস্থায়ী।



(১) শব্দকল্পদ্রুমকর্ত্তা বলেন মুলতানী ভরত সম্মত, মেঘ রাগের দ্বিতীয় পত্নী। কেহ কেহ তীব্র মধ্যম পরিত্যাগে প্রকৃত মধ্যম যোগে মুলতানী ব্যবহার করিয়া থাকেন।



অন্তরা।





## তোড়ী (১)। সম্পূর্ণ।

(নি, ঋ, গ, ম, ধ।)

আস্থায়ী।



(১) সম্পূর্ণা কথিতা তজ্জ্ঞৈস্তোড়ী শ্রীকৌশিকে মতা। গ্রহাংশ ন্যাস ষড়জশ্চকেচিদত্র প্রচক্ষতে ইতি সঙ্গীত দর্পণেঽপি। সঙ্গীত সারে তথা রাগসর্ব্বস্বসারেঽপি এতদুক্তং। ঔপপত্তিক তৌর্য্যত্রিকে যে বার প্রকার তোড়ীর নাম লেখা হইয়াছে, তদ্ব্যতীত সংস্কৃত সঙ্গীত গ্রন্থে মাগধীতোড়ী, মন্ত্ররাজিতোড়ী, তুরুষ্কতোড়ী প্রভৃতি আরও অনেক প্রকার তোড়ীর নাম দেখিতে পাওয়া যায়। তুরুষ্কতোড়ী এইরূপ নাম দর্শনে বোধ হয় যে, আমাদের ভারতবর্ষীয় কোন কোন রাগ তুরুষ্ক দেশ পর্য্যন্ত কোন সময়ে ব্যবহার ছিল। সেই সকল রাগ তুরকীয় রাগের সহিত মিলিয়া মিশ্র নাম প্রাপ্ত হইয়াছে, অথবা তুরকী দেশীয় কোন রাগ অস্মদ্দেশীয় রাগের সহিত কেহ মিলাইয়া থাকিবেন, তাহাই তুরুষ্কতোড়ী, তুরুষ্ক গৌড় প্রভৃতি নাম হইবার কারণ। ফলতঃ ইহার দ্বারা আরও প্রতীয়মান হয়, যে তুরুষ্ক দেশে যে সকল রাগ রাগিণী ব্যবহার, তাহাদের আকৃতি অনেকাংশে এতদ্দেশীয় রাগ রাগিণীরই তুল্য; সমপ্রকৃতি সম্পন্ন না হইলে ভিন্ন দেশীয় রাগ অপর এক দেশীয় রাগের সহিত মিশ্রণ করা দুষ্কর।



অন্তরা।





কতকগুলি মাত্র প্রচলিত রাগ (১) যাহা স্বরগ্রাম যোগে লিখিত হইল, সে গুলি সমুদয় কিছু তাহাদের যথা কালানুসারে পর্য্যায়ক্রমে লেখা হয় নাই। শিক্ষার্থিদের শিখাইবার জন্য যে যেটীকে সহজ বোধ হইল, সেই সেইটী পূর্ব্বে এবং তদপেক্ষা কঠিন গুলি পর পর রূপে দেওয়া হইয়াছে, ঐ সকলের কাল, ঋতু এবং রস ইত্যাদি নিরূপণ ঔপপত্তিক তৌর্য্যত্রিকে দ্রষ্টব্য।

(১) ঔপপত্তিক তৌর্য্যত্রিকে অথবা ক্রিয়াসিদ্ধ তৌর্য্যত্রিকে সংস্কৃত সঙ্গীত শাস্ত্রানুযায়িক রাগ রাগিণীর ধ্যানের বিষয় কিছু লেখা হয় নাই, যেহেতু এ গ্রন্থে তাহা লেখা নিষ্ফল। ধ্যানের দ্বারা কিছু রাগ রাগিণীর স্বরগ্রাম বোধ করা যাইতে পারে না, ধ্যানে কেবল লেখা আছে রাগের কি প্রকার বসন, কি প্রকার ভূষণ, কি প্রকার মুকুট, বাস্তবিক বিবেচনা করিয়া দেখিতে গেলে, কোন রাগ পীত বস্ত্র পরিধান করেন, তাঁহার মুখ সর্ব্বদা সহাস্য, স্বীয় প্রণয়িণীর প্রণয়াকাঙ্ক্ষায় সর্ব্বদা বিহ্বল আছেন, অথবা কোন রাগিণী যথা—নীলোৎপলং কর্ণযুগে বহন্তী শ্যামা সুকেশীচ সুমধ্যভাগা ঈষৎ সহাসাম্বুজ রম্যবক্ত্রা সা ধানশী পদ্ম সুচারু নেত্রা, ইহাতে কি রাগের স্বরগ্রাম বোধ হইতে পারে? না ইহা দেখিয়া রাগের আলাপ করা যাইতে পারে? তবে ইহা দেওয়া নিষ্ফল ব্যতীত আর কি বলিব!।

স্বরগ্রাম যোগে লিখিত প্রচলিত রাগ গুলি ব্যতীত অপর অনেক মিশ্ররাগ ( ১ ) আছে, যাহা সচরাচর বড় ব্যবহার হয় না, তাহা হইতেও কিয়ৎ পরিমাণে সংগ্রহ করিয়া কোন্ কোন্ রাগ সংযোগে তাহাদের রূপ সংস্থাপন হয়, সেই সকল সম্বলিত নিম্নে লেখা যাইতেছে।

| মিশ্র রাগ। | যে সকল রাগ সংযোগে উৎপত্তি তাহাদের নাম। |
|---|---|
| অংশী ... ... ... ... | ধবলশ্রী এবং গৌড়। |
| অজয়পাল ... ... ... ... | গুজ্জরী, বিহাগ এবং কেদারী। |
| অনন্তগৌড়... ... ... ... | বসন্ত, গান্ধার এবং হরশৃঙ্গার। |
| অরুণ ... ... ... ... | মল্লার, কানড়া এবং নট্। |
| অরুণবিহাগ ... ... ... | মল্লার, বিহঙ্গ এবং কানড়া। |
| আনন্দভৈরব ... ... ... | শঙ্করাভরণ এবং ভৈরব। |
| আহীরনট্ ... ... ... ... | আহীরী এবং নট্। |
| আহীররূপ ( আধুনিক ) ... ... | হোসেনি, আহীরী, ধানশ্রী এবং তোড়ী। |
| কর্ণাটগৌড় ... ... ... | বেলাবলী, কর্ণাট এবং গৌড়। |
| কদম্বনট্ ... ... ... | ধানশ্রী, কানড়া, আহীরী, কেদারী, নট এবং মধুমাধবী। |
| কর্পূরগৌরী ... ... ... | জ্যোতিঃ, খাম্বাবতী, জয়ন্তশ্রী, টঙ্ক এবং বরাটী। |
| কর্ম্মপঞ্চম ... ... ... ... | ললিতা, বসন্ত, হিণ্ডোল এবং দেশকার। |
| কলহংস ... ... ... ... | মধু, শঙ্করবিজয় এবং আভীরী। |
| কল্যাণকামোদ বা কল্যাণবিনোদ ... | কল্যাণ এবং নট্। |
| কাফি ... ... ... ... | আশাবরী, ভৈরবী এবং গুজ্জরী। |
| কুমারী ... ... ... ... | গৌরী এবং মালশ্রী। |
| কুল্যেয়ার ( আধুনিক ) ... ... | বেলাবলী, কানড়া, নট্ এবং মল্লার। |
| কেদারনট্ ... ... ... ... | কেদারী এবং নট্নারায়ণ। |

( ১ ) সামান্যতঃ রাগ অথবা রাগিণী উভয়কেই রাগ শব্দে ব্যবহার করা যাইতে পারে।

| মিশ্র রাগ। | যে সকল রাগ সংযোগে উৎপত্তি তাহাদের নাম। |
|---|---|
| কোলাহল ... ... ... ... | বিহঙ্গড়া, কল্যাণ এবং কানড়া। |
| কৌয়রবী (আধুনিক) ... ... ... | সারঙ্গ, সোহা, গুজ্জরী এবং গৌরী। |
| কৌশিকী ... ... ... ... | বসন্ত, সায়েরী এবং পঞ্চম। |
| কৌশিকীকানড়া ... ... ... | কৌশিকী এবং কানড়া। |
| খট্‌তোড়ী ... ... ... ... | খট্‌ এবং তোড়ী। |
| গম্ভীরনট্‌ ... ... ... ... | কানড়া এবং নট্‌। |
| গান্ধারী ... ... ... ... | ভৈরব, দেশী এবং সিন্ধু। |
| গাম্ভারী ... ... ... ... | সারস্বৎ এবং ধানশ্রী (সংগ্রহ কর্ত্তা-গণেশ)। |
| গুজ্জরীতোড়ী ... ... ... | গুজ্জরী এবং তোড়ী। |
| গোপীকামোদী ... ... ... ... | কামোদ এবং কেদারী। |
| চৈত্রী ... ... ... ... ... | সামন্ত, ললিতা এবং পুরিয়া। |
| জয়কল্যাণ ... ... ... ... | জয়শ্রী এবং শুদ্ধ কল্যাণ। |
| জয়াবতী ... ... ... ... | ধবলশ্রী, বেলাবলী এবং সরস্বতী। |
| জলধরকেদারী ... ... ... | মেঘ এবং কেদারী। |
| জোয়ানপুরী তোড়ী (আধুনিক) ... | তোড়ী, কুকুভা এবং সিন্ধুড়া। |
| জ্যোতিঃ গৌরী ... ... ... | ললিতা এবং গৌরী। |
| টঙ্ক ... ... ... ... ... | শ্রী, কানড়া এবং ভৈরব। |
| ঠুংরি (১) ... ... ... ... | মাক, খাম্বাবতী, ঝিঁঝিটী এবং লুম। |
| তিলককামোদ ... ... ... | কামোদ এবং বিচিত্রা। |

(১) জানি খাঁ নামক জনৈক অযোধ্যা নিবাসী ব্যক্তির ঔরসে গোলামনবীর জন্ম হয়, এই গোলামনবীর ফুদিয়া ভাঙ্গেরন বা সোরী নাম্নী এক প্রণয়িনী ছিল। আমরা যে সোরীর টপ্‌পা বলিয়া জানি, তাহা গোলামনবীই প্রস্তুত করিয়া তাঁহার ঐ পত্নীর নামে বিখ্যাত করিয়াছিলেন। অদ্যাবধি ঐ নামানুসারে গোলামনবী রচিত টপ্‌পা, সোরীর টপ্‌পা বলিয়া প্রচলিত রহিয়াছে; ফলতঃ সোরীমিঞার যথার্থ নাম গোলামনবীই ছিল।' উক্ত গোলামনবীই ঠুংরি রাগের সৃষ্টি কর্ত্তা। প্রায় ৭৬ বৎসর অতীত হইল গোলামনবী ৫০ বৎসর বয়ঃক্রমে লক্ষ্ণৌ নগরে মানবলীলা সম্বরণ করিয়াছেন।

| মিশ্র রাগ। | যে সকল রাগ সংযোগে উৎপত্তি তাহাদের নাম। |
|---|---|
| ত্রিবণী ... ... ... ... ... | শ্রী এবং নটনারায়ণ। |
| দরবারিতোড়ী (আধুনিক) ... ... | তোড়ী এবং কানড়া। |
| দক্ষিণনট্ ... ... ... ... | কুকুভা,বেলাবলী,পুরবী,কেদারী এবং নট্। |
| দীপাবতী ... ... ... ... | দীপক এবং সরস্বতী। |
| দুর্গা ... ... .. ... | মালশ্রী, লীলাবতী, গৌরী এবং সারঙ্গ। |
| দেওয়ালী (আধুনিক) (১) ... ... | গান্ধারী, মালশ্রী এবং সরস্বতী। |
| দেশী ... ... ... ... | মধুমাতসারঙ্গ এবং পাহাড়ী। |
| নাগবরাটী ... ... ... ... | নাগধ্বনি এবং বরাটী। |
| নাচারিতোড়ী (আধুনিক) ... ... | তোড়ী, ফোর্‌দস্ত এবং বাঙ্গালী। |
| নাটিকা ... ... ... ... | নট্‌নারায়ণ, হাম্বীর এবং আহীরী বা আভীরী। |
| নারায়ণগৌড় ... ... ... ... | বেলাবলী, নট্ এবং গৌড়। |
| নারেস্ (আধুনিক) ... ... ... | বেলাবলী এবং কানড়া। |
| পঠমঞ্জরী ... ... ... ... | দেবগিরি, তোড়ী এবং কর্ণাট। |
| পরমানন্দ ... ... ... ... | সারঙ্গ এবং বেলাবলী। |
| পারাবতী ... ... ... ... | দেবগিরি, পূরবী এবং গৌড়। |
| পিঙ্গলনট্ ... ... ... ... | সারঙ্গ, মুলতানী এবং নট্। |
| প্রতাপবরাটী ... ... ... ... | নট্, বিহঙ্গড়া এবং বরাটী। |
| প্রলুই (আধুনিক) ... ... ... | দেবগিরি, মালশ্রী, পুরবী এবং কর্ণাট। |
| ফোরদস্ত্ (আধুনিক) ... ... ... | পুরবী, শ্যাম এবং গৌরী। |
| বড়হংসসারঙ্গ ... ... ... ... | মালব, সারঙ্গ এবং মালশ্রী। |
| বহুলগুজ্জরী ... ... ... ... | দেশকার, বাঙ্গালী, রামকেলী এবং গুজ্জরী। |

(১) পূর্ব্বে কথিত হইয়াছে, যবনেরা রাগ রাগিণী প্রভৃতি সঙ্গীতের প্রায় অধিক ভাগই হিন্দুদের অনুকরণে প্রস্তুত করিয়াছেন। আমাদের যেমন শ্রীকৃষ্ণের ঝুলান যাত্রা এবং দোল যাত্রাতে হিন্দোল রাগ ব্যবহার হয়, যবনেরাও সেই অনুকরণে দেওয়ালী পর্ব্বের আমোদের নিমিত্ত দেওয়ালী রাগের সৃষ্টি করিয়াছেন, দেওয়ালী আমাদের শাস্ত্র সম্মত রাগ নহে।

| মিশ্র রাগ। | যে সকল রাগ সংযোগে উৎপত্তি তাহাদের নাম। |
|---|---|
| বহুলী ... ... ... ... ... .. | রামকেলী, গুজ্জরী, দেশকার, বাঙ্গালী এবং পঞ্চম (কাহারও মতে বাঙ্গালীর ভাগ ইহাতে স্বীকৃত হয় না)। |
| বারাটী বা বৈরাটী ... ... ... | দেশী এবং তোড়ী। |
| বাহাদুরিতোড়ী ... ... ... | তোড়ী, টক্ক এবং কানড়া। |
| বিচিত্রা ... ... ... ... ... | শঙ্করাভরণ, চৈত্রী, গৌরী এবং বারাটী। |
| বিজয় ... ... ... ... .. | তোড়ী, খাম্বাবতী এবং পুরিয়া। |
| বিরাগবরাটী ... ... ... ... | নায়কী কানড়া এবং বরাটী। |
| বিহঙ্গবিহাগ ... ... ... ... | পঞ্চম এবং বিহাগ। |
| মঙ্গল ... ... ... ... ... | সুরট এবং ছায়া। |
| মঙ্গলগুজ্জরী ... ... ... ... | শ্যাম, গুজ্জরী এবং গান্ধারী। |
| মঙ্গলাষ্টক (১) (হনুমন্ত সম্মত) ... | জয়শ্রী, কানড়া, কেদারী, কল্যাণ, মঙ্গল, বিভাস, নট্ এবং বিহঙ্গ। |
| মঞ্জুঘোষা ... ... ... ... | শ্রী এবং ছায়ানট্। |
| মধু (২) ... ... ... ... | শুদ্ধ, বসন্ত, বেলাবলী এবং নট্নারায়ণ। |
| মধুমিথুন (৩) ... ... ... ... | নট্নারায়ণ, মল্লার, হাম্বীর এবং মধুমাধবী। |
| মনোহর ... ... ... ... ... | মারঞা এবং গৌরী। |
| মল্লারনট্ ... ... ... ... | মল্লার এবং নট্। |
| মাজ (আধুনিক) ... ... ... | সারঙ্গ, সুরট, বেলাবলী এবং মল্লার। |
| মাসগুজ্জরী (আধুনিক) ... ... | গৌরী এবং শরৎ। |
| মালাবতী ... . ... ... | পঞ্চম, কামোদ, নট্ এবং হাম্বীর। |
| মালিগৌড়া ... ... ... ... | গৌরী এবং সুরট। |

(১) আটটী রাগের সংযোগে উৎপত্তি হেতু ইহার নাম মঙ্গলাষ্টক হইয়াছে।

(২) মধুমাস অর্থাৎ চৈত্রমাসে এই রাগ সর্ব্বদা গান করা কর্ত্তব্য। সেই নিমিত্তই ইহার নাম মধুরাগ হইয়াছে।

(৩) দ্বাপরযুগে মহাবীর কর্ণ এই রাগ সৃষ্টি করেন।

| মিশ্র রাগ। | যে সকল রাগ সংযোগে উৎপত্তি তাহাদের নাম। |
|---|---|
| মিঞার সারঙ্গ (আধুনিক) ... ... | সারঙ্গ, জয়জয়ন্তী এবং কানড়া। |
| মুদ্রাকানড়া ... ... ... ... | নট্, কেদারী এবং কানড়া। |
| মুদ্রাতোড়ী ... ... ... ... | তোড়ী এবং বাগীশ্বরী। |
| রতিবল্লভ ... ... ... ... | নট্, সারঙ্গ এবং ভৈরব। |
| রতিবাহি ... ... ... ... | কল্যাণ এবং পরাজিকা। |
| রম্ভাবতী ... ... ... ... | মালশ্রী এবং মল্লারী। |
| রহস্যমঙ্গল ... ... ... ... | শঙ্করাভরণ, অরুণ এবং সুরট। |
| রাওরানুসি (আধুনিক) ... ... | ললিতা, লীলাবতী এবং চৈত্রী। |
| রাগেশ্বর ... ... ... ... | ভৈরব, কানড়া, আশাবরী এবং গৌরী। |
| রাজনারায়ণনট্ ... ... ... | পুরিয়া, তোড়ী এবং নট্। |
| রাজহংস (১) ... ... ... | মালব, শ্রী এবং মনোহর। |
| রূপশ্রী ... ... ... ... | শ্রী এবং বসন্ত। |
| লক্ষ্মীতোড়ী ... ... ... | সিন্ধু, তোড়ী এবং ললিতা। |
| লীলাবতী ... ... ... ... | দেশকার, জয়শ্রী এবং ললিতা। |
| শঙ্করবিজয় (২) ... ... ... | নালিগৌড়া, হাম্বীর এবং নট্নারায়ণ। |
| শঙ্করানন্দ ... ... ... ... | শঙ্করা, বিহাগ এবং নট্। |
| শশীরেখা ... ... ... ... | ললিতা, সারঙ্গ এবং বেহাগ। |
| শিবরতিকা ... ... ... ... | বড়হংস এবং সিন্ধু। |
| শ্রীকবন্ (আধুনিক) ... ... ... | শঙ্করাভরণ এবং শ্রী। |
| শ্রীসমদ্ (আধুনিক) ... ... ... | ভীমপলশ্রী, শ্রী এবং টঙ্ক। |
| সংকীর্ণ ... ... ... ... | বেলাবলী এবং কলিঙ্গড়া। |
| সচীবল্লভ ... ... ... ... | গুণকেলী, গান্ধারী এবং শ্যাম। |

(১) এই রাগটী ভরত গান করিতেন।

(২) ভগবান্ শঙ্কর কর্ত্তৃক ত্রিপুরাসুর পরাজিত এবং হত হইলে ত্রিপুরান্তক মানসে এই রাগ প্রথমে গান করিয়াছিলেন, সেই সময়েই এই রাগের সৃষ্টি, এবং সেই হেতুই উক্ত রাগের নাম শঙ্কর বিজয় হইল।

| মিশ্র রাগ। | যে সকল রাগ সংযোগে উৎপত্তি তাহাদের নাম। |
| --- | --- |
| সরস্বতী ... ... ... | ... নট্‌নারায়ণ এবং শঙ্করা। |
| সামন্ত সারঙ্গ ... ... | ... সারঙ্গ এবং মল্লারী। |
| সায়েরী ... ... ... | ... তোড়ী. মল্লারী এবং গুণকেলী। |
| সুখনবেলাবলী (আধুনিক) ... | ... বেলাবলী, সোহা এবং বিভাস। |
| সুঘরন্‌ (আধুনিক) ... ... | ... বেলাবলী এবং ফোর্‌দস্ত্‌। |
| সোহা ... ... ... | ... বাগেশ্বরী, বিভাস এবং আড়ানা। |
| সোহাতোড়ী (আধুনিক) ... | ... সোহা এবং তোড়ী। |
| সৌদামিণী ... ... ... | ... সোহিনী এবং ঝিঝিটী। |
| স্তম্ভ ... ... ... | ... মালশ্রী এবং মল্লারী। |
| হংস ... ... ... ... | ... সারঙ্গ এবং কলিঙ্গড়া। |
| হরশৃঙ্গার ... ... ... | ... পঞ্চম এবং কৌশিকী। |
| হাম্বীর নট্‌ ... ... ... | ... হাম্বীর এবং নট্‌। |
| হারঙ্ক (আধুনিক) ... ... | ... বেলাবলী, দেওসাক্‌, সারঙ্গ, শুদ্ধ, মল্লারী এবং গৌণ্ড। |
| হোসেনীকানড়া (আধুনিক) ... | ... কানড়া এবং ইরাক্ষ। |
| ক্ষটাঙ্ক ... ... ... | ... জয়শ্রী, কেদারী এবং বিভাস। |
| ক্ষেম ... ... ... | ... কানড়া, সরস্বতী, এবং কল্যাণ। |
| ক্ষেমকল্যাণ ... ... ... | ... কানড়া, সরস্বতী, শুদ্ধ, এবং কল্যাণ। |

উপরি লিখিত মিশ্র রাগ গুলির সংযোগ, নানা সংস্কৃত সঙ্গীতগ্রন্থ এবং উইলার্ড্‌ সাহেব ও সার্‌ উইলিয়ম্‌ জোন্স সাহেব কর্ত্তৃক হিন্দু সঙ্গীত বিষয়ক অনুবাদিত গ্রন্থ সকল পরস্পর ঐক্য করিয়া যতদুর সঙ্গত বোধ হইয়াছে সেইরূপ লিখিত হইল। এই সকল মিশ্র রাগের কাল নিয়ম যে যে রাগ সংযোগে ইহাদের উৎপত্তি সেই

সেই রাগের সময় ইহারা অবাধে গেয়। এবিষয় একবার উপপত্তিক তৌর্য্যত্রিকে বলা হইয়াছে (১)।

অনতিপূর্ব্বে স্বরগ্রাম যোগে যে কতক গুলি প্রচলিত রাগ যথানিয়মে লিখিত হইয়াছে, বোধ করি সুচতুর শিক্ষার্থিরা সেই গুলি উত্তম রূপে শিখিতে পারিলে এ গুলির সংযোগ দেখিয়া ইহাদের মধ্যে অধিক ভাগই বাজাইয়া লইতে পারিবেন। নতুবা সমুদয় মিশ্র রাগ যদ্যপি স্বরগ্রাম যোগে লিখিত হয়, তাহা হইলে গ্রন্থ অতি সুবিস্তীর্ণ হইয়া পড়ে, সুতরাং অবশিষ্ট রাগ গুলির পক্ষে উপরি লিখিত নিয়মই অবলম্বন করিতে বাধ্য হইলাম। অপিচ গ্রন্থ অতি বৃহৎ হইবার ভয়ে যে কতিপয় প্রচলিত রাগ স্বরগ্রাম যোগে লিখিত হইয়াছে তাহাদের মধ্যেও অধিক ভাগই কেবল আস্থায়ী (২) এবং অন্তরা মাত্র লিখিয়া সমাপ্ত করা গিয়াছে, যেহেতু আস্থায়ী এবং অন্তরা সুন্দররূপে বাদিত বা গীত হইলে রাগের মূর্ত্তি নিশ্চয়ই বোধ হইবার সম্ভব।

রাগ রাগিণীর স্বরগ্রাম, ঋতু এবং কাল ইহাদিগের নিয়ম সম্বন্ধে সংস্কৃত গ্রন্থকারদের পরস্পর ঐক্য নাই এবং তৎ সম্বন্ধে আধুনিক গায়ক মহাশয়েরাও পরস্পর ঘোর বিবাদ করিয়া থাকেন, সে কথা যথার্থ বটে, তবে তাহার মধ্যে কথা এই, আদি ছয় রাগ ব্যতীত অপর যত রাগ আছে সে সমুদয় প্রায়ই নাকি পরস্পর সংযোগে জন্মিয়া মিশ্রজাতি মধ্যে গণ্য হইয়াছে; যে গ্রন্থকার যে রাগে যে রাগের ভাগ অধিক জ্ঞান করেন, সুতরাং পূর্ব্ব লিখিত নিয়মে সেই রাগের কালানুযায়িক এবং সেই সেই রাগের স্বরগ্রামের অধীন বলিয়া সেই সেই রাগকে স্বীকার করিয়াছেন। বাস্তবিক যে দেশে যে রীতি (৩) প্রচলিত আছে তাহাই প্রধান বলিয়া গণ্য এবং রাগের (৪) মিষ্টতা হওয়াই মুখ্য উদ্দেশ্য।

(১) যৈ রাগৈর্মিশ্রিতা যেস্থ্যরাগাঃ সংকীর্ণকাদয়ঃ। তেষাং কালেতু তেগেয়া গানবিদ্ভিঃ প্রকীর্ত্তিতাঃ যে যে রাগাশ্চ সালঙ্কা যেষাং যোগাদ্ভবন্তিবৈ। তেতে রাগাশ্চ গাতব্যাস্তেষাং কালেতু সর্ব্বদা। ইতি রাগবিবোধঃ। যথেচ্ছয়া বা গাতব্যা সর্ব্বর্ত্তুষু সুখপ্রদাঃ। অপরঞ্চ যেষাংক্রেতি স্বরগ্রাম জাতাদি নিয়মোনহি। নানাদেশ গতচ্ছায়া দেশী রাগস্তু তে স্মৃতাঃ। ইতিসঙ্গীত দর্পণে॥

(২) যত্রোপবেশ্যতে রাগঃ আস্থায়ী ভুচ্যতে হি সঃ অপিচ আভোগস্তু হ্যিমোভাগো গীত পূর্ণত্ব সূচকঃ, ধ্রুবাভোগান্তরে কশ্চিক্কাতু রুক্তোন্তরাভিধঃ ইতি সঙ্গীত দর্পণে। অপরঞ্চ এতৎ সংমিশ্রনাদ্দর্ণ সঞ্চারীতি নিগদ্যতে। ইতি হরিনায়ক বিরচিতে সঙ্গীত সারে॥

(৩) যস্মিন্নদেশে যথা শিষ্টৈঃ গীতং বিজ্ঞ স্তথাচরেৎ।

(৪) যস্য শ্রবণ মাত্রেণ রঞ্জন্তে সকলাঃ প্রজা। সর্ব্বেষাং রঞ্জনাদ্ধেতো স্তেন রাগ ইতি স্মৃতঃ ইতি সোমেশ্বর মতং কল্লিনাথেনাপি এতদুক্তং॥

যে কএকটী সঙ্গীতের সংস্কৃত মত প্রচারিত আছে, তন্মধ্যে কোন নির্দ্দিষ্ট মতেরই সম্যক্ অনুসরণ করিয়া আমাদের প্রচলিত রাগ রাগিণী ব্যবহার হয় না, সকল মত হইতেই রাগ রাগিণী সম্বন্ধে কতক কতক লওয়া হইয়াছে, সেই হেতু কোন্ একটী মত যে আমাদের দেশে সম্যক্ প্রচলিত তাহা স্থির করা কঠিন, তবে এই মাত্র বলা যাইতে পারে, যে রাগই প্রচলিত থাক্ না কেন, কোন না কোন সংস্কৃত মতের স্বরগ্রামের সহিত অবশ্যই আমাদের সেই সকল প্রচলিত রাগ রাগিণীর স্বরগ্রামের প্রায় মিল দেখা যায়। সুতরাং যে সকল রাগ রাগিণী আমাদের প্রচলিতস্বরগ্রাম যোগে লেখা হইয়াছে, তাহার মধ্যে যে যেটীর স্বরগ্রাম যে গ্রন্থের সহিত ঐক্য দেখিয়াছি সেই সেই গ্রন্থ হইতে তাহার প্রমাণ সংগ্রহে ত্রুটি করি নাই; কিন্তু আমরা যতদূর মিলাইয়া দেখিয়াছি তন্মধ্যে রাগ বিবোধ, সঙ্গীত দর্পণ, সঙ্গীত রত্নাকর এবং রাগসর্ব্বস্বসার ইত্যাদির সহিতই আমাদের অনেক রাগ রাগিণীর স্বরগ্রামের মিল দেখা যায়। যাহাই হউক, যে কোন সংস্কৃত সঙ্গীত গ্রন্থের সহিত আমাদের প্রচলিত মতের সঙ্গতি বোধ হইবে, আমাদের মতে তাহাই যথোপযুক্ত।

## আলাপ প্রকরণ সমাপ্তঃ।

## ঠেকার বোল সাধন।

কবর্গের ক, খ, গ, ঘ, টবর্গের ট এবং ড, তবর্গের ত, থ, দ, ধ, ন, পবর্গের কেবল মাত্র ম, অন্তস্থ্য বর্ণের র, আর মকার সংযুক্ত লকার প্রভৃতি কএকটী বর্ণযোগে সংস্কৃত সঙ্গীত শাস্ত্রমতে মৃদঙ্গে বোল ব্যবহার হইয়া থাকে। মৃদঙ্গ হইতে তবলার সৃষ্টি, সুতরাং মৃদঙ্গের প্রায় যাবতীয় বোলই তবলাতে ব্যবহার করা যাইতে পারে। বঙ্গীয় কীর্ত্তনে জ এবং ঝ খোলে ব্যবহার হয় যথা—জিঝি ঝাঁ ইত্যাদি।

অ, ক, ট, ঠ, ড, ঢ, ণ, ত, ধ এবং র ইত্যাদি বর্ণযোগে ঢক্কার বোল প্রচলিত আছে যথা—ঝং, বেকটে ঠং ডেং, ঢেনাকিটী টে, ঢেনা কিটী, ডাঙ্গিন্ ধা, ঢেনা কিটীতা, ডাঙ্গিন্ ধা, ঢেনা কিটী তা, ডাঙ্গিন্ ধা, ঢেনা কিটী ধা।

মর্দ্দলেতেও মৃদঙ্গের বোল ব্যবহার হইতে পারে। ডমরুযন্ত্রে অতিরিক্ত ড এবং ব ব্যবহার হয় যথা—ডুর্ ডুবা ডুবু ইত্যাদি।

ডিন্ ডিমী, ডায়া, ডক্ক ইত্যাদি যন্ত্রে চক্কারি বোল বাদিত হয়, ডিন্ ডিনী অর্থাৎ খঞ্জনীতে কখন কখন তবলার বোলও বাজিয়া থাকে।

## বোল সাধন।

পূর্ব্বে কথিত হইয়াছে যেমন বীণা অপেক্ষা সেতার অনেক সহজ, মৃদঙ্গ অপেক্ষা তবলাও তেমনি সহজ। তবলাযন্ত্রটী মৃদঙ্গেরই অনুকৃত। পাঠকবর্গের বোধ করি স্মরণ আছে তাল (১) দিবার নিমিত্ত বাদকেরা তা, থি, গি ইত্যাদি চতুস্ত্রিংশৎটী এবং আরও কতক গুলি কাল্পনিক বোল (২) ব্যবহার করিয়া থাকেন, ঐ সকল বোল মৃদঙ্গ অথবা তবলা, এই উভয় যন্ত্রতেই সুন্দররূপে সম্পন্ন হইতে পারে। কথিত হইল মৃদঙ্গ অপেক্ষা তবলা নাকি অনেক সহজ সাধ্য, সেই হেতু প্রথম শিক্ষার্থিদের বোধ হইবার জন্য ঐ সকল বোল সম্পাদনে কথঞ্চিৎ নিয়ম দেখান যাইতেছে।

প্রথমে তবলার ডাহিনাটী তাম্বুরা অথবা কণ্ঠের সহিত কিম্বা স্বতসিদ্ধ করিয়া আট্ টী (৩) ঘাট সমসুর রূপে মিলান কর্ত্তব্য; তদনন্তর ডাহিনাটী দক্ষিণ ভাগে এবং বাঁয়াটী বামভাগে সুদৃঢ়রূপে সংস্থাপন করিতে হইবে, পরে দক্ষিণ হস্ত খুলিয়া যন্ত্র মধ্যে ফুলা আওয়াজ দিং, দীন্, দ্বিং, ধুন্, ঠং।

উভয় হস্ত খুলিয়া ফুলা আওয়াজ ধা। দক্ষিণহস্ত খুলিয়া যন্ত্রের পার্শ্বে কনিষ্ঠা, অনামিকা অঙ্গুলি দিকস্থ চাটির পার্শ্বভাগ এবং কনিষ্ঠা, অনামিকা সংযোগে তা হইয়া থাকে, ত্না বোল ও ঐ রূপ। কনিষ্ঠা, অনামিকা, মধ্যমা, তর্জ্জনী একত্র করিয়া যন্ত্র মধ্যে চাপা আঘাত করিলে দিং হয়।

টি, তে, ম, কি মধ্যমা, অনামিকা এই দুইটী অঙ্গুলি একত্র করিয়া যন্ত্র মধ্যে চাপা শব্দ।

কে, না, ঘা দক্ষিণ হস্তের তর্জ্জনির অগ্রভাগ দ্বারা যন্ত্র পার্শ্বে আঘাত।

---

(১) অর্দ্ধমাত্রং দ্রুতং জ্ঞেয় মেকমাত্রং লঘুস্তথা, দ্বিমাত্রঞ্চ গুরু জ্ঞেয়ং ত্রিমাত্রঞ্চ প্লুতং মতং ইতি তন্ত্রম্।

(২) কোন্ বর্ণ যোগে কোন্ বোল হয় উপপত্তিক তৌর্য্যত্রিক ৩৭ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

(৩) ডাহিনার চতুষ্পার্শ্বে যে আট্ টী গুলা চর্ম্মের দ্বারা আবদ্ধ থাকে, তাহারই এক একটীর নাম এক একটী ঘাট।

নান্ এই শব্দটী দুইটী আঘাত দ্বারা করিতে হইবে, একটী না পূর্ব্বোক্ত রূপ দক্ষিণ হস্তের তর্জ্জনীর অগ্রভাগ দ্বারা যন্ত্র পার্শ্বে আঘাত এবং আন্ ঐ তর্জ্জনীর অগ্রভাগ দ্বারা যন্ত্র পার্শ্বে পূর্ণ আঘাত না হইয়া কেবল যন্ত্র পার্শ্বে ঈষৎস্পর্শ মাত্র।

কেড়ান্ শব্দটী তিনটী আঘাত দ্বারা হইবে। কে, দক্ষিণ হস্তের অনামিকার অগ্রভাগ দ্বারা যন্ত্র পার্শ্বে এবং ড়ান্ এইটী উক্ত নান্ শব্দের ন্যায়। কে, ডি, টে এবং রে, দক্ষিণ হস্তের তর্জ্জনীর অগ্রভাগ দ্বারা যন্ত্র মধ্যে চাপা আঘাত। ত্রে শব্দটী তেরের দ্রুত আঘাত।

## বাম হস্তের বোল।

গি, ঘি, ঘী, ধু, গে, ধে, বাম হস্ত খুলিয়া তর্জ্জনী, মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠা দ্বারা যন্ত্র মধ্যে খুলা আঘাত।

খি, ক, খে, কা, খু, তর্জ্জনী, মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠা দ্বারা একত্র করিয়া বাম দিকে চাপা আওয়াজ। উভয় ডাহিনা এবং বাঁয়াতে যথা নির্দ্দিষ্ট বোল গুলি পৃথক্ পৃথক্ রূপে যথাসাধ্য সাধনা করা বিধি। যখন উভয় হস্তের জড়তা সুন্দররূপে ক্রমশঃ দূর হইবে, তখন ডাহিনা বাঁয়ার সংযোগে উভয় হস্ত একতায় উপপত্তিঃ তৌর্য্যত্রিকে লিখিত কাওয়ালী, মধ্যমান প্রভৃতি ঠেকা গুলি তত্তৎ নির্দ্দিষ্ট মাত্রা এবং বোল অনুযায়িক করিয়া সাধনা কর্ত্তব্য। যদ্যপি নির্দ্দিষ্ট বোল গুলি যথা নিয়মে বাদ্য শিক্ষিত হয়, তাহা হইলে বোধ করি ঐ সকল বোল সংযোগে ইচ্ছাধীন বহুতর বোল এবং ঠেকা নূতন প্রস্তুত হইতে পারিবে।

ঠেকার বোল সাধন সমাপ্তঃ।

## নৃত্য সাধন।

পূর্ব্বে কথিত হইয়াছে, নৃত্যটী বাদ্যের অনুগত, বাদ্যের তা, দিং, থুন্, এবং না যে চারিটী প্রধান বোল আছে সুতরাং ঐ চারিটী প্রধান বোল নৃত্যতেও (১) ব্যবহার হইয়া থাকে। প্রথম নৃত্যার্থিরা উভয় পদতল সমতুল রূপে পাতিয়া দক্ষিণ পদাপেক্ষা

(১) সবিলাসোঙ্গবিক্ষেপো নৃত্যমিত্যুচ্যতে বুধৈঃ। ইতি রাগ সর্ব্বস্বসারে। অপিচ গেয় [illegible] বাদ্যং বাদ্যানুগতিষ্ঠতেলয়ঃ লয়তাল সমারব্ধং ততো নৃত্যং প্রবর্ত্ততে। ইতি সঙ্গীত [illegible]।

বাম পদটা অর্দ্ধ হস্ত পরিমাণ অগ্রসর করিয়া দাঁড়াইবেন, (অর্থাৎ দক্ষিণ পদের বৃদ্ধাঙ্গুষ্ঠের নিকটে বাম পদের গুল্‌ফটা না ফাঁক্ না কাছাকাছি রূপে যেন থাকে) অনন্তর বাম পদস্থ বৃদ্ধাঙ্গুষ্ঠের সম সূত্র পাতে নাতি সন্নিকর্ষে দক্ষিণ পদটা উত্তোলন করিয়া বৃদ্ধাঙ্গুষ্ঠের কোমল ভাবে আঘাত করা বিধি। ঐ আঘাতটাতে "তা" বোলটী প্রতিপন্ন হইবে. ঐ আঘাতানন্তর পুনর্ব্বার পূর্ব্ব স্থানে দক্ষিণ পদটা পূর্ব্বরূপ রাখিতে ঐ পদগুল্‌ফের যে আঘাত হইবে, তাহা দ্বারা "দিং" বোলটী প্রতিপন্ন হইয়া থাকে। বাম পদের গুল্‌ফ মৃত্তিকার সহিত সংলগ্ন রাখিয়া কথিত বাম পদের পূর্ব্বাগ্র ভাগ দ্বারা দুইটী আঘাত করিতে হইবে, ঐ আঘাতদ্বয়ে "থুন্" এবং "না" দুইটী বোল সম্পন্ন হইবে। উক্ত বোল চারিটী প্রতিপন্ন করিতে কথিত নিয়মে পাদবিক্ষেপ গুলি সমমাত্র রূপে হওয়া কর্ত্তব্য। তা, দিং, থুন্, এবং না যথা নিয়মে সমমাত্র রূপে বিলক্ষণ অভ্যস্ত হইলে, নানা বিধ তালের নির্দ্দিষ্ট মাত্রা এবং লয় অনুসারে কৌশল ক্রমে হ্রস্ব, দীর্ঘ, প্লুত এবং ব্যঞ্জন গতানুযায়িক হাব, ভাব, কটাক্ষ এবং নানা মুদ্রাদি সহকারে যথা নিয়মে পাদবিক্ষেপ করিতে পারিলে অসংখ্য তালের নৃত্য সম্পন্ন হইতে পারিবে।

নৃত্য সাধন সমাপ্তঃ।

## কণ্ঠ সাধন।

গীত দ্বিবিধ. যথা——নিবদ্ধ এবং অনিবদ্ধ। বর্ণাদি বিহীনে কেবলমাত্র ধাত্বাদিযোগে যে গীত, বীণা, বেণু ইত্যাদি যন্ত্রে (১) সম্পাদিত হয়, তাহার নাম অনিবদ্ধ অথবা যন্ত্রগীত। ধাতু এবং বর্ণ উভয় যোগে যথা নিয়মে যে গীত মনুষ্য কণ্ঠে সম্পন্ন হয়, তাহাকে নিবদ্ধ অথবা কণ্ঠ গীত কহা যায়। পূর্ব্ব কথিত নিয়মে কিছুদিন বীণাদি শিক্ষা করিয়া সুরে একটু বোধাধিকার হইলে, কণ্ঠগীত শিক্ষা অনেক সহজ সাধ্য।

কণ্ঠ গীতের পক্ষে তাম্বুরা অতীব প্রয়োজনীয়। প্রথমে তাম্বুরার তার গুলি নিয়মানুযায়িক উত্তম রূপে মিলান কর্ত্তব্য, তদনন্তর কণ্ঠের সুর তাম্বুরার সুরের সহিত সমসুর রূপে মিলাইতে হইবে; সুরে বোধাধিকার হইলে কণ্ঠের সহিত তাম্বুরার সুর

(১) কথিত হইয়াছে নানা. কণ্ঠ, তালু, জিহ্বা ইত্যাদি বর্ণ উচ্চারণ স্থান না থাকা প্রযুক্ত যন্ত্রে বর্ণ উচ্চারণ সম্ভবে না। সেই হেতু বর্ণ বিহীনে কেবল ধাত্বাদিযোগে যন্ত্র গীত হইয়া থাকে।

স্বরোপযুক্ত মিলিয়াছে কি না জানা বিচিত্র নহে। ক্রমশঃ তাম্বুরার সুরের সহিত কণ্ঠে স্বরগ্রাম অনুলোম বিলোমে উত্তম রূপে এবং যথা নিয়মে কিছুদিন সাধন করা বিধি। অতঃপর ক্রিয়াসিদ্ধ তৌর্য্যত্রিকে (৯৫) পৃষ্ঠা অবধি (৯৭) পৃষ্ঠা পর্য্যন্ত যতগুলি স্বরগ্রামের ক্রম লিখিত আছে, সেই স্বরগ্রামের ধাতু গুলি (১০৪) পৃষ্ঠায় লিখিত সংরক্ প্রণালীর ধাতুগুলি যথা নামে উচ্চারণ করিয়া নির্দ্দিষ্ট বিধানানুযায়িক পর পর রূপে এবং আরও তদুপযোগি কতক গুলি নিয়ম কিছুদিন পুনঃপুনঃ সাধিতে হইবে। বোধ করি তাহা হইলে কণ্ঠের জড়তা অনেকাংশে দূরিভূত হইতে পারিবে। গীতেরধাতুই প্রধান, যদ্যপি কণ্ঠে ধাতুগুলি পরিষ্কার এবং শুদ্ধরূপে যথাক্রমে প্রকাশ করা যাইতে পারে; তবে যে প্রকার গান ইচ্ছা সেইরূপ গানই কণ্ঠে সুসম্পাদিত হইবার সম্ভাবনা।

## ঠেকার বোল যোগে গান লিখিবার ধারা।

রামপ্রসাদি (১)। একতালা।

ছয় মাত্র রূপে বিভক্ত।

আস্থায়ী।

| | তেটে | | | | ধাগ | | | | থুনা | | । |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আস্থায়ী | গ | গ | ম | প | ম | গ | ঋ | সা | সা | ঋ | |
| | সা | এ | এ | এ | এ | এ | এ | এর্ | এ | খি | |

(১) কবিবর রাম প্রসাদ কৃত গীতটী লিখিবার তাৎপর্য্য এই, খেয়ালাদি প্রায়ই নাকি হিন্দি ভাষায় রচিত, তাহা হইলে সাধারণে বুঝিবার পক্ষে কি জানি যদি কঠিন বোধ হয়, রাম প্রসাদি গীত প্রায় সকলেই জানেন এবং স্বরলিপি দর্শনে অনায়াসে বুঝিবার সম্ভাবনা।


ধিনি ধাগ ধুনা তেটে ধাগ ধুনা


ধিনি ধাগ ধুনা তেটে ধাগ ধুনা


ধিনি ধাগ ধুনা তেটে ধাগ ধুনা

## অন্তরা।


ধিনি ধাগ থুনা তেটে ধাগ থুনা।
আ
মু
উ
ধ ধ ধ ধ ধ নি সা সা নি ধ প
আ দা ল তে আ আ আ জি দি এ এ
ধিনি ধাগ থুনা তেটে ধাগ থুনা।
নি নি সা ঋ সা সা ধ সা সা সা
হা জির্ আ ছি ক র অ অ পু টে,
ধিনি ধাগ থুনা তেটে ধাগ থুনা।
প ধ ধ সা সা সা
ও মা ক বে বে ও







এই নিয়ম অবলম্বন করিলে খেয়াল, ধ্রুপদ, টপ্পা প্রভৃতি [illegible]াধ করি যাবতীয় গানই লেখা যাইতে পারিবে।

---

ঠেকার বোলযোগে গান লিখিবার ধারা সমাপ্তঃ।

---

# প্রকীর্ণকং।

সঙ্গীতের ক্রিয়াসিদ্ধাংশটী চারি প্রকারে বিভক্ত যথা—ভাষাঙ্গ, ক্রিয়াঙ্গ, ভাবাঙ্গ এবং উপাঙ্গ।

যে ক্রিয়াসিদ্ধাংশ ধাতু এবং বর্ণযোগে কণ্ঠে ভাষিত হয়, তাহার নাম ভাষাঙ্গ (১) যেমন গান করা।

যে ক্রিয়াসিদ্ধাংশ কোন যন্ত্রে হস্ত দ্বারা সম্পন্ন হয়, তাহাকে ক্রিয়াঙ্গ (২) বলে, যেমন তব্‌লা, সেতার ইত্যাদি বাজান।

আঙ্গিক ভাবাশ্রয়ে যে ক্রিয়াসিদ্ধাংশ সম্পন্ন হয়, তাহাকে ভাবাঙ্গ (৩) কহে, যেমন ভাব সহকারে নৃত্য করা।

ভাষাঙ্গ, ক্রিয়াঙ্গ এবং ভাবাঙ্গের বিষয় ক্রিয়াসিদ্ধ তৌর্য্যত্রিকে কথঞ্চিৎ রূপে লেখা হইয়াছে। উপাঙ্গের বিষয় এখনও কিছু লেখা হয় নাই। অঙ্গের কোন দেশ আশ্রয় করিয়া যে ক্রিয়াসিদ্ধাংশ সম্পন্ন হয়, তাহাকে উপাঙ্গ (৪) কহে।

---

(১) ভাষাচ্ছায়াশ্রিতা যেন, ভাষাঙ্গ তেন হেতুনা। ইতি সঙ্গীতদর্পণে।

(২) করণোৎসাহ সংযুক্তং ক্রিয়াঙ্গ তেন হেতুনা। ইতি সঙ্গীতদর্পণে।

(৩) ভাবাধীনং ভবেদ্যত্তু ভাবাঙ্গং তৎপ্রকীর্ত্তিতং। ইতি রাগসর্ব্বস্বসারে।
ভাবসমাশ্রয়াদ্ধেতো, তস্মাৎ ভাবাঙ্গ উচ্যতে ইতিচ শ্রীবর্ণচিন্তামণিপণ্ডরীকবিঠ্ঠলকবিবিরচিত নর্ত্তকনির্ণয়গ্রন্থে।

(৪) অঙ্গৈক দেশ মাশ্রিত্য, প্রবৃত্তি র্যস্য জায়তে, উপাঙ্গং সমমাখ্যাতং কবিভি স্তত্ত্বদর্শিভিঃ। ইতি রাগসর্ব্বস্ব সারোদ্ধৃত কোহলীয়বচনং।

ন্যাসতরঙ্গ (১) নামক "রওসন্‌চৌকির" ন্যায় এক প্রকার যন্ত্র আছে, ঐ যন্ত্র নাসা, গলা অথবা কপোলদেশে সংলগ্ন করিয়া বিনা ফুৎকারে দম্‌ বন্ধ করিয়া বাজান যাইতে পারে। উপাঙ্গের এই যন্ত্রটাই একটী প্রমাণ স্বরূপ, এই যন্ত্রটী ভারতবর্ষ ব্যতীত ইউরোপখণ্ডে দেখিতে পাওয়া যায় না; আমরা দেখিয়াছি অনেক ইউরোপীয় কৃতবিদ্যেরা এই যন্ত্রের বাদ্যকৌশল দর্শনে অতীব চমৎকৃত এবং ভূয়সী প্রশংসা করিয়াছেন। যাহাই হউক এই প্রাচীন ভারত-বর্ষে সঙ্গীত বিদ্যার এত অগৌরব এবং লুপ্তাবস্থা সত্বেও এখন পর্য্যন্ত এখানে যে যে প্রকার আশ্চর্য্য আশ্চর্য্য যন্ত্র, ঐ সকল যন্ত্র বাজাইবার যে প্রকার অসাধারণ কৌশল এবং হিন্দু সঙ্গীতের যে দুই চারি খানি সংস্কৃত পাণ্ডুলিপি পাওয়া যায়, সে সকলে লিখিত নাদ, শ্রুতি, স্বরবিভাগপ্রণালী, গমক, মূর্চ্ছনা, তান, তালাদির কৌশল, নৃত্যের নানাবিধ ধারা এবং কথিত বিষয় সকলের উপযোগি বহুতর আশ্চর্য্য আশ্চর্য্য নিয়ম দর্শনে কোন্‌ অনু-সন্ধায়িসহৃদয়ব্যক্তি না বিস্ময়াবিষ্ট হন্‌? সে সমুদয় বৃত্তান্ত সুবিস্তীর্ণরূপে এই ক্ষুদ্র গ্রন্থে লেখা অসম্ভব।

(১) কুম্ভক অর্থাৎ বায়ুরুদ্ধ কণ্ঠানন্তর নাসাদিতে সংলগ্ন করিয়া এই যন্ত্র বাজান হেতু ইহার নাম ন্যাস তরঙ্গ কহে।

IMPERIAL LIBRARY.

সমাপ্তোয়ং গ্রন্থঃ।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সা | সা | 0 | 0 | 0 | 0 | ঋ | 0 | 0 | 0 | গ | 0 | 0 | ম | 0 | 0 | 0 | 0 | প | 0 | 0 | 0 | 0 | ধ | 0 | 0 |
| | | | | | ঋ | সা | 0 | 0 | 0 | 0 | ঋ | 0 | 0 | 0 | গ | 0 | 0 | ম | 0 | 0 | 0 | 0 | প | 0 | 0 |
| | | | | | | | | | গ | সা | 0 | 0 | 0 | 0 | ঋ | 0 | 0 | 0 | গ | 0 | 0 | ম | 0 | 0 | 0 |
| | | | | | | | | | | | | ম | সা | 0 | 0 | 0 | 0 | ঋ | | | | | | | |